# যাকে হাসপাতালে ভর্তি করে রেখে মানসিক ব্যধির চিকিৎসা করা হচ্ছে নার্সের তাকে আটক রাখার ক্ষমতা

(মেন্টাল হেল্‌থ অ্যাক্ট 1983-এর ধারা 5(4))

| | |
|---|---|
| 1. রুগীর নাম | |
| 2. আপনার চিকিৎসার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম | |
| 3. যিনি আপনাকে এখানে রেখেছেন সেই নার্সের নাম | |

## আমি এই হাসপাতাল ছেড়ে কেন যেতে পারি না?

মেন্টাল হেল্‌থ অ্যাক্টের ধারা 5(4)-এর অধীন আপনাকে হাসপাতালে রাখা হয়েছে। এ এক আইনী ক্ষমতা যার দ্বারা যতক্ষণ না আপনার চিকিৎসার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা তার প্রতিনিধি (ডেপুটি) আপনাকে পরীক্ষা করে দেখবেন, ততক্ষণ নার্স আপনাকে হাসপাতালে রাখতে পারেন। নার্স মনে করেন আপনার মানসিক ব্যধি আছে এবং তাই আপনি ছুটি পাওয়ার মত সুস্থ না।

আপনার চিকিৎসার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অন্য কোথাও থাকলে যে ব্যক্তি নির্ণয় নিতে পারে তাকে "ডেপুটি" অর্থাৎ প্রতিনিধি বলা হয়।

## আমাকে কতদিন এখানে রাখা হবে?

আপনার ছয় ঘন্টা পর্যন্ত অথবা আপনার চিকিৎসার দায়িত্বপ্রাপ্ত বক্তি বা তার প্রতিনিধি যতক্ষণ না বলবেন যে আপনাকে ছুটি দেওয়া যায় ততক্ষণ যাবৎ আপনার এই হাসপাতালে থাকতে হবে। আপনি যাওয়ার চেষ্টা করলে, কর্মচারীরা আপনাকে বাধা দিতে পারে, এবং যদি আপনি চলে যান, আপনাকে ফেরত নিয়ে আসা যায়।

আপনার ক্ষেত্রে এই ছয় ঘন্টা শেষ হবে ঃ

| | |
|---|---|
| তারিখ | সময় |

ঐ সময় পর্যন্ত আপনার চিকিৎসার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা তার প্রতিনিধি আপনাকে পরীক্ষা না করে থাকলে আপনি চলে যেতে পারেন। তবে আপনি তখন চলে যেতে চাইলে, আগে নার্স বা কর্মীদলের অন্য কোনো সদস্যের সঙ্গে কথা বলে নেবেন।

## আমাকে যখন এখানে রাখা হবে তখন কি হবে?

হাসপাতালের কর্মীর যদি মনে হয় আপনার কোনো চিকিৎসা প্রয়োজন তাহলে তা আপনাকে জানাবে। আপনি যদি কোনো চিকিৎসা না চান তাহলে তা প্রত্যাখ্যান করতে পারেন। শুধু বিশেষ পরিস্থিতিতে আপনার আপত্তি সত্ত্বেও আপনার চিকিৎসা করা যায়, আপনাকে সেসব বুঝিয়ে দেওয়া হবে।

## এর পর কি হবে?

যিনি আপনার চিকিৎসার দায়িত্বপ্রাপ্ত তিনি বা তার প্রতিনিধি নির্ণয় নিতে পারেন যে আপনাকে আরো কিছুদিন হাসপাতালে রাখা দরকার। আপনি স্বেচ্ছায়ও এখানে থাকতে পারেন।

তা সত্ত্বেও আপনি যদি হাসপাতালে না থাকতে চান অথচ আপনার পরিচর্যার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিনিধির যদি মনে হয় আপনি ছুটি পাওয়ার মত যথেষ্ট সুস্থ হয়ে ওঠেননি তাহলে মেন্টাল হেল্থ অ্যাক্টের আরেকটি ধারার অধীন হয়ত তাদের আপনাকে আটকে রাখতে হবে। আপনাকে কেন ও কত দিন যাবৎ এখানে রাখা হবে তা আপনাকে তারা জানিয়ে দেবেন এবং এর পর কি হবে তা বোঝাতে আপনাকে আরেকটা পত্রিকা দেওয়া হবে।

আপনার চিকিৎসার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা তার প্রতিনিধি যদি নির্ণয় নেয় যে আপনার থাকার প্রয়োজন নেই তাহলে আপনার আর কি কি সাহায্য প্রয়োজন সে বিষয়ে তিনি বা কর্মীদলের সদস্য আপনার সঙ্গে কথা বলবেন।

## আমি কি আপীল করতে পারি?

না। আপনার এখন যে হাসপাতালে থাকা দরকার সে কথায় আপনি যদি একমত না ও হন তাহলেও ধারা 5(4) এর অধীন আপনাকে এখানে রাখার নির্ণয়ের বিরুদ্ধে আপনি আপীল করতে পারেন না।

## আপনার ঘনিষ্ঠতম আত্মীয়কে জানানো

মেন্টাল হেল্থ অ্যাক্টের মতে যে আপনার ঘনিষ্ঠতম আত্মীয়, তাকে এই পত্রিকার একটি কপি দেওয়া হবে।

মেন্টাল হেল্থ অ্যাক্টে একটি নামের তালিকা আছে যাদের আপনার আত্মীয় হিসাবে গণ্য করা হবে। সাধারণত ঐ তালিকায় যার নাম সবার ওপরে থাকবে সে আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হবে। হাসপাতালের কর্মচারী আপনাকে একটি পত্রিকা দিতে পারে যাতে এর ব্যাখ্যা থাকবে এবং আপনার চিকিৎসা ও পরিচর্যার ব্যাপারে আপনার নিকটতম আত্মীয়র যা যা অধিকার আছে সেসবের উল্লেখ থাকবে।

আপনার কেসে, আমাদের বলা হয়েছে যে আপনার নিকটতম আত্মীয় ঃ

| |
|---|
| |

আপনি যদি এই পত্রিকার একটি কপি তাকে দিতে না চান, তাহলে আপনার নার্স বা কর্মীদলের অন্য কোনো সদস্যকে জানিয়ে দেবেন।

## আপনার ঘনিষ্ঠতম আত্মীয় বদলানো

যদি আপনার মনে হয় ঐ ব্যক্তি আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হওয়ার উপযুক্ত না, তাহলে তার পরিবর্তে অন্য কাউকে ঘনিষ্ঠতম আত্মীয় হিসাবে গণ্য করার জন্য কাউন্টি কোর্টের (County Court) কাছে আবেদন করতে পারেন। এর ব্যাখ্যাসহ একটি পত্রিকা হাসপাতালের কর্মচারী আপনাকে দিতে পারে।

## আপনার চিঠিপত্র

আপনি হাসপাতালে থাকাকালীন আপনার নামে যেসব চিঠিপত্র পাঠানো হবে সেসব আপনাকে দেওয়া হবে। আপনি যাকে ইচ্ছা চিঠিপত্র পাঠাতে পারেন, তবে যদি কেউ বলে যে সে আপনার চিঠি পেতে চায় না তাকে আপনার লেখা চিঠি পাঠানো হবে না। হাসপাতালের কর্মচারী এদের জন্য লেখা চিঠি আটকে রাখতে পারে।

## আমি কিভাবে নালিশ করব?

হাসপাতালে আপনার যত্ন পরিচর্যার বিষয়ে যদি নালিশ করতে চান, তাহলে কর্মীদলের সদস্যের সঙ্গে কথা বলুন। তারা হয়ত সমাধান খুঁজে দিতে পারবে। এছাড়া তারা আপনাকে হাসপাতালের নালিশ প্রণালীর বিষয়েও তথ্য জানাতে পারে, আপনি এই প্রণালী ব্যবহার করে স্থানীয় স্তরে মীমাংসা করে আপনার নালিশের সমাধান করে নিতে পারেন। এছাড়া অন্যান্য যারা নালিশ করায় আপনাকে সাহায্য করতে পারে তাদের ব্যাপারেও তারা জানাতে পারে।

যদি আপনার মনে হয় হাসপাতালের নালিশ প্রণালী আপনাকে সাহায্য করতে পারছে না তাহলে আপনি একটি স্বতন্ত্র কমিশনের কাছে আবেদন করতে পারেন। মেন্টাল হেল্‌থ অ্যাক্ট যেভাবে ব্যবহার করা হয় সে ব্যাপারে কমিশন বিশেষ লক্ষ্য রাখে, যাতে তা সঠিকভাবে ব্যবহার করা হয় এবং হাসপাতালে থাকাকালীন রুগীর যথাযথ যত্নপরিচর্যা হয়। কিভাবে এই কমিশনের সঙ্গে যোগাযোগ করা যায় তার ব্যাখ্যাসমেত একটি পত্রিকা হাসপাতালের কর্মচারী আপনাকে দিতে পারে।

## আচরণ সংহিতা

মেন্টাল হেল্‌থ অ্যাক্ট এবং মানসিক ব্যাধিগ্রস্ত মানুষের প্রতি ব্যবহারের বিষয়ে একটি আচরণ সংহিতা (Code of Practice) আছে যা হাসপাতালের কর্মীদের পরামর্শ দেয়। আপনার পরিচর্যার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সময় কোডে কি বলা হয়েছে তা কর্মীদের বিবেচনা করে দেখতে হবে। আপনি চাইলে, কোডের একটা কপি চেয়ে নিতে পারেন।

## আরো সাহায্য এবং তথ্য

আপনার যত্ন পরিচর্যা এবং চিকিৎসার বিষয়ে যদি আপনি কিছু বুঝতে না পারেন, কর্মীদলের একজন সদস্য আপনাকে সাহায্য করার চেষ্টা করবে। এই পত্রিকার কোনো বিষয় যদি আপনি বুঝতে না পারেন কিংবা আপনার যদি কোনো প্রশ্ন থাকে যার উত্তর এই পত্রিকায় নেই তাহলে কর্মীদলের সদস্যের কাছ থেকে তা বুঝে নেবেন।

আপনি যদি অন্য কারুর জন্য এই পত্রিকার কপি চান, তাহলে চেয়ে নেবেন।